

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ  
(২০২৪ সনের ২৭ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২১ জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লিখিত বেঞ্চ গঠন করা হইলঃ

১.

বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার  
এবং  
বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য বিশেষ রীটসমূহ যথা-বাংলাদেশ নির্বাচন কমিশন আইন, দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদী ব্যতীত ভ্যাট, কাস্টমস, ইনকামট্যাক্স, দেউলিয়া বিষয়াদী, সিটি কর্পোরেশনের ট্যাক্স, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং অর্থসংক্রান্ত বিষয়াদীসহ সকল অর্থাৎ সাধারণ(General) রীট মোশন; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ),(গ),(ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২-এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীলসহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী করিবেন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

বাংলাদেশের প্রধান বিচারপতি  
তারিখঃ ১৭ জানুয়ারি, ২০২৪ খ্রি.।

প্রচারের জন্যঃ

১. বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার
২. বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর